

(৭)

২৮

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ২৯, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
মুদ্রণ ও প্রকাশনা শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ০৪ জুলাই ২০০৭

নং ২০-কৃষি/মুঃপ্রঃ-৫/মপবি, ৩/২০০৫—সরকার, কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রীপরিষদের বিগত ৩-৭-২০০০ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিস্ত, ইংরেজীতে প্রণীত রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদনকারী শিল্প শ্রমিক (চাকুরির শর্তাবলী) অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৩৯নং আইন) এর নিম্নরূপ বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

মোঃ আনোয়ার হোসেন
সহকারী সচিব।

(৭১৪৯)

মূল্য : টাকা ২.০০

[মূল ইংরেজী আইন হইতে বাংলায় অনুদিত পাঠ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন ও বিচার মন্ত্রণালয়

প্রত্যাপন

ঢাকা, ২৭ জুলাই ১৯৮৫

নং ৬৫৪ পাব।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২৫ জুলাই ১৯৮৫ইং তারিখে
প্রণীত নিম্নরূপ অধ্যাদেশ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা হইলঃ—

রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদনকারী শিল্প শ্রমিক (চাকরির শর্তাবলী) অধ্যাদেশ, ১৯৮৫
১৯৮৫ সনের ৩৯নং অধ্যাদেশ

জাতীয় শ্রমিক মজুরী ও উৎপাদনশীলতা কমিশনের কতিপয় সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে
বিধান প্রণয়নের উদ্দেশ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু জাতীয় শ্রমিক মজুরী ও উৎপাদনশীলতা কমিশনের কতিপয় সুপারিশ বাস্তবায়নের
উদ্দেশ্যে এবং এতৎসংশ্লিষ্ট বিষয়ে বিধান করা সমীচীন ;

সেইহেতু, এক্ষণে, ২৪শে মার্চ, ১৯৮২ সনের ফরমান অনুসারে এবং এতদুদ্দেশ্যে প্রদত্ত সকল
ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদনকারী শিল্প
শ্রমিক (চাকরির শর্তাবলী) অধ্যাদেশ, ১৯৮৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১ জুন, ১৯৮৫ তারিখ হইতে বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে,—

- (ক) “কমিশন” অর্থ সরকার কর্তৃক ২৬শে ফেব্রুয়ারী, ১৯৮৪ তারিখে গৃহীত সিদ্ধান্ত নং
শওজ ৮/১২৩ (৩)/৮৩(১)/৯০ অনুসারে গঠিত জাতীয় শ্রমিক মজুরী ও
উৎপাদনশীলতা কমিশন (National Workers' Wages and Productivity
Commission) ;
- (খ) দিবসের কার্য বিভিন্ন পালায় সম্পাদিত হয় এইরূপ রাষ্ট্রীয় মালিকানাধীন
উৎপাদনকারী শিল্পের ক্ষেত্রে, “নেশপালা” অর্থ এইরূপ পালা যাহা মধ্যরাত্রে আরম্ভ
হয়, অথবা মধ্যরাত্রের পরও অব্যাহত থাকে ;
- (গ) “রাষ্ট্রীয় উৎপাদনকারী শিল্প” অর্থ সরকারের মালিকানাধীন, রাষ্ট্রায়ন্ত অথবা সরকার
কর্তৃক অধিগ্রহণকৃত যে কোন উৎপাদনকারী শিল্প, তবে বিক্রীত, বিরাষ্টীয়করণকৃত,
পুঁজি প্রত্যাহারকৃত অথবা অন্যভাবে নিষ্পত্তিকৃত শিল্প প্রতিষ্ঠান ইহার অন্তর্ভুক্ত নহে ;

(ঘ) “শ্রমিক” অর্থ দক্ষ অথবা অদক্ষ কোন ব্যক্তি, যিনি মজুরী অথবা পারিশ্রমিকের বিনিময়ে কার্য করেন, তবে কেন ব্যবস্থাপনা, প্রশাসনিক, তদারকি অথবা সম্পূর্ণ করণিক পদে নিযুক্ত অথবা যিনি কৃষি শ্রমিক হিসাবে কৃষি খামারে, শিল্প প্রতিষ্ঠানে, আনুষঙ্গিক হটেক অথবা না হটেক, কৃষি শ্রমিক হিসাবে নিযুক্ত, কোন ব্যক্তি ইহার অন্তর্ভুক্ত নহেন।

৩। কমিশনের কতিপয় সুপারিশের ভিত্তিতে সরকার কর্তৃক শ্রমিকদের চাকরির শর্তাবলী নির্ধারণ করিবার ক্ষমতা।—(১) শিল্প সম্পর্ক অধ্যাদেশ, ১৯৬৯ (১৯৬৯ সনের ২৩নং অধ্যাদেশ) অথবা আপাততঃ বলবৎ অন্য কোন আইন অথবা কোন বিধিমালা, প্রবিধান, উপ-আইন, চুক্তি, রোঁয়েদাদ, নিষ্পত্তি, প্রথা, রীতি অথবা চাকরির কোন শর্তাবলীতে কোন কিছু খাকা সত্ত্বেও, সরকার কমিশন কর্তৃক গ়্রহীত সুপারিশ বাস্তবায়নের উদ্দেশ্যে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদনকারী শিল্পে নিযুক্ত শ্রমিকদেরকে প্রদেয়ে এবং শ্রমিকের প্রাপ্য মজুরী, বোনাস, চিকিৎসা ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ছুটি, গ্রাচুইটি এবং নেশপালার ভাতা নির্ধারণ করিতে পারিবে, এবং অনুরূপ কোন শ্রমিক মজুরী, বোনাস, ছুটির, চিকিৎসা ভাতা, বাড়ী ভাড়া ভাতা, যাতায়াত ভাতা, গ্রাচুইটি এবং নেশপালার ভাতা নির্ধারিত পরিমাণের চাইতে বেশী গ্রহণ করিতে পারিবে না এবং কোন ব্যক্তি তাহাকে অনুরূপ পরিমাণের চাইতে বেশী প্রদান করিতে পারিবে না।

(২) উপ-ধারা (১) এর অধীন কোন প্রজ্ঞাপন ভূতাপেক্ষ কার্যকর করা যাইবে, তবে উহা ১৯৮৫ সনের ১ জুন তারিখের পূর্বে দেওয়া যাইবে না।

৪। কতিপয় চুক্তি, ইত্যাদি, বাতিল।—ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন সরকার কর্তৃক নির্ধারিত কোন বিষয় সম্পর্কে এই অধ্যাদেশ জারির পূর্বে অথবা পরের সকল চুক্তি নিষ্পত্তি এবং রোঁয়েদাদ বাতিল হইবে এবং কোন ভাবেই উহা বলবৎযোগ্য হইবে না।

৫। বিধিমালা প্রণয়নের ক্ষমতা।—সরকার এই অধ্যাদেশের উদ্দেশ্যপূরণকল্পে, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

৬। রাহিত।—রাষ্ট্রীয় মালিকানাধীন উৎপাদনকারী শিল্প শ্রমিক (চাকরির শর্তাবলী) অধ্যাদেশ, ১৯৭৯ (১৯৭৯ সনের ১৯নং অধ্যাদেশ) এতদ্বারা রাহিত হইল।

ঢাকা ;
২৫ জুলাই, ১৯৮৫।

এইচ এম এরশাদ, এনডিসি, পিএসসি
লেফট্যানেন্ট জেনারেল।
রাষ্ট্রপতি।

মুহাম্মদ আবুল বাশার ভূঞ্জ
উপ-সচিব (ড্রাফটিং)।

এ, কে, এম রফিকুল ইসলাম উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর হোসেন উপ-নিয়ন্ত্রক (উপ-সচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।